বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০১.১৮.০০৩.১৯.২৩০

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৬
১৮ ফেব্রুয়ারি ২০২০

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ০৩/০২/২০২০ তারিখের ২৪.০০.০০০০.১১১.২২.০০৪.১৭-১৬৫ নম্বর পত্রটি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৮-২-২০২০
মোঃ আব্দুর রহমান
উপপরিচালক

১) অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)
.................................., .
২) অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট (সকল)
......................................, .
৩) উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর,
ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা।
৪) সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট
(সকল)........................................
৫) সহকারী পরিচালক, জেলা বস্ত্র অধিদপ্তর,
টাংগাইল/পাবনা/গাজীপুর/নারায়নগঞ্জ/নরসিংদী।
৬) অফিস কপি।, .
৭) জনাব মো: সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৮-২-২০২০
মোঃ আরাফাত হোসেন
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
প্রশাসন-১(সংস্থাপন) শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.motj.gov.bd

স্মারক নম্বর-২৪.০০.০০০০.১১১.২২.০০৪.১৭- ৯৬৫

তারিখঃ ২০ মাঘ ১৪২৬ / ০৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারী কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর-০৫.০০.০০০০.১২৩.০২.০২৭.১৮-৩৫, তারিখঃ ১৩/০১/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রাপ্ত সূত্রোক্ত স্মারকের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২(দুই) পাতা।

03.02.2020


(মোঃ সাইফুল ইসলাম ভূঞা)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বরঃ ৯৫৪০৪৭৭
e-mail: admin1@motj.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বাংলাদেশ তাঁত বোর্ড/বিজেসি (বিলুপ্ত), ঢাকা।
৩. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর/পাট অধিদপ্তর, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বালিয়াপুকুর, রাজশাহী।
৬. পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, বালিয়াপুকুর, রাজশাহী।
৭. উপসচিব (সকল)/উপপ্রধান (পরিকল্পনা)/সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল)/প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সহকারী সচিব (সকল)/জনসংযোগ কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.১২৩.০২.০২৭.১৮-৩৫

২৯ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ:-- ----------------------------
১৩ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারী কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত।

সূত্র: সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩১-১২-২০১৯ তরিখের ০৭.০০.০০০০.০০০.৯৯.০৭৮.১৬-৬৯১ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারী কর্মকর্তা/কর্মচারীর পরিবারের সদস্যদের আর্থিক অনুদান EFT এর মাধ্যমে প্রদানের নিমিত্ত আবেদনকারীর ব্যাংক হিসাবের নাম, ব্যাংক হিসাব নম্বর, সংশ্লিষ্ট শাখার রাউটিং নম্বর এবং Magnetic Ink Character Recognition (MICR) চেক বই এর কভার পাতার ফটোকপি প্রত্যেক আবেদনের সাথে ভিন্ন ভিন্ন ভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

১৩/০১/২০২০
(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪৯৬২১
E-mail: adminwelf@mopa.gov.bd

১। সিনিয়র/সচিব
........................................ মন্ত্রণালয়/বিভাগ/কার্যালয়
........................................বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়.......................................................।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (স ও ক), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কর্মসূচি পরিচালক, সরকারী ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, ইউসেপ ট্রেইনী টাওয়ার (৩য় তলা), ২৫ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

AO
টেন্ডার
০৭/০১/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি
অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়
ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা)
২৫, সেগুণবাগিচা, ঢাকা – ১০০০

নং-০৭.০০.০০০০.০০০.৯৯.০৭৮.১৬- তারিখঃ /১২/২০১৯ খ্রি:

বিষয়: বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় সরকারি কর্মকর্তা/ কর্মচারির মৃত্যুবরণ এবং আহত হয়ে স্থায়ী অক্ষমতার কারণে আর্থিক অনুদানের টাকা EFT (Electronic Fund Transfer)- এর মাধ্যমে হস্তান্তর করার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ হাবিবুর রহমান<br>কর্মসূচি পরিচালক ও অতিরিক্ত সচিব (বাজেট-১)<br>সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থবিভাগ, অর্থমন্ত্রনালয় |
| সভার তারিখ | : ১৮ ডিসেম্বর ২০১৯, বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : কর্মসূচি কার্যালয়ের সভাকক্ষ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা, পরিশিষ্ট- 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে "সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ: অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতায় রক্ষা" শীর্ষক কর্মসূচি এর উপকর্মসূচি পরিচালক জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দীন, (উপসচিব) বলেন যে, বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় সরকারি কর্মকর্তা/ কর্মচারির মৃত্যুবরণ এবং আহত হয়ে স্থায়ী অক্ষমতার কারণে আর্থিক অনুদানের টাকার চেক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে আবেদনকারীর নিকট পৌঁছতে দীর্ঘ সময় লেগে যায়। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে চেক পাওয়ার পর সংশ্লিষ্ট জেলাপ্রশাসক কার্যালয়ে পত্র যোগাযোগ, জেলাপ্রশাসক কার্যালয় হতে কর্মকর্তা প্রেরণ ও চেক গ্রহণ, জেলাপ্রশাসক কার্যালয় থেকে সংশ্লিষ্ট অফিসে চেক প্রেরণ ও সংশ্লিষ্ট অফিস থেকে আবেদনকারীর নিকট চেক হস্তান্তরে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে আবেদনকারীর ব্যাংক হিসাবে সরাসরি অর্থ প্রেরণ করলে চেক হস্তান্তরের দীর্ঘসূত্রিতা এড়ানো সম্ভব হবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সভায় উপস্থিত জনাব মো: কামাল হোসেন, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বলেন এ, ধরনের কল্যাণ অনুদানের আবেদন নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মচারি সরকারের রাজস্বভুক্ত কিনা তা যাচাই করা প্রয়োজন হয়। বিগত অর্থবছরে আবেদনকারীর নিকট চেক হস্তান্তরে দীর্ঘসূত্রিতার কারণে ৪৫টি চেক ফেরত এসেছে। তিনি কল্যাণ অনুদানের আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডাটাবেজের সাথে Integrated Budget & Accounts System (iBAS++) এর Application Program Interface (API) স্থাপন এবং iBAS++ এর মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীদের EFT পদ্ধতিতে বেতন প্রদানের ন্যায় কল্যাণ অনুদানের অর্থ আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, কল্যাণ অনুদান প্রদানের নতুন নীতিমালা খুব শীঘ্র জারি হবে এবং সে নীতিমালায় অনলাইনে আবেদন গ্রহণ এবং মাঠ পর্যায়ে জেলাপ্রশাসক কর্তৃক আবেদন নিষ্পত্তির ব্যবস্থা থাকবে। তিনি নতুন নীতিমালা জারি হলে তা কার্যকর করতে প্রয়োজনীয় সহযোগিতার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি এ পর্যায়ে বলেন যে, অনলাইনে আবেদন গ্রহণের বিষয়টি নতুন নীতিমালা জারি সাপেক্ষে যেহেতু কার্যকর হবে সেহেতু এখন অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে আজকের সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন নেই। নতুন নীতিমালা জারির পর এ বিষয়ে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

আলোচনায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি ও কর্মসূচির পরামর্শকগণ, আগত প্রতিনিধিগণ তাদের অভিমত ব্যক্ত করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সিদ্ধান্তঃ

১। কর্মচারীর তথ্য যাচাইয়ের জন্য iBAS++ এর সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট আইটি সিস্টেমের API আগামী ০২/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে স্থাপন করতে হবে।

৫/১/২০২০

২। EFT তে অনুদানের অর্থ প্রেরণের জন্য iBAS++ এ একটি পৃথক screen প্রস্তুত করতে হবে। কর্মচারীগণের বেতন- ভাতা প্রেরণের মত করেই জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারি আদেশের ভিত্তিতে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, EFT প্রসেস করবেন এবং সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি অনুদানের অর্থ প্রেরণ করবেন।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কল্যাণ অনুদানের আবেদন ফরমে আবেদনকারীর ব্যাংক শাখার রাউটিং নম্বর প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

৪। EFT প্রেরণের সর্বোচ্চ সীমা ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা পর্যন্ত বর্ধিত করতে হবে। এ সর্বোচ্চ সীমা শুধুমাত্র কল্যাণ অনুদানের জন্য প্রযোজ্য হবে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ

১। জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। সরকারি ব্যয়ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি।

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নং-০৭.০০.০০০০.০০০.৯৯.০৭৮.১৬- ৬৯১(৪০) তারিখঃ ১১/১২/২০১৯
খ্রি:

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
২. সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৫. PEC (PFM Reforms & Change Managent), এসপিএফএমএস কর্মসূচি, অর্থবিভাগ।
৬. PEC (iBAS++ & BACS), এসপিএফএমএস কর্মসূচি, অর্থবিভাগ।
৭. PEC (Budget and Expenditure Management), এসপিএফএমএস কর্মসূচি, অর্থবিভাগ।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২- পুরানা পল্টন, ঢাকা।
৯. জনাব মোঃ কামাল হোসেন, উপ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জনাব এ,কে,এম মোখলেছুর রহমান, যুগ্ম-পরিচালক, অ্যাকাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
১১. জনাব জোহরা তারা বেগম, উপ হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব ভবন, সেগুণবাগিচা, ঢাকা।
১২. টিম লিডার, আইবাস++ উন্নয়ন টিম, পিইএমএস কর্মসূচি, অর্থবিভাগ।
১৩. জনাব শাব্বির আহমেদ খান, পরামর্শক, পিইএমএস কর্মসূচি, অর্থবিভাগ

আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দীন
উপকর্মসূচি পরিচালক (প্রশাসন)
ফোন: ৮৩৯১১৩১-২